

০৩

**ইসলামী বিশ্ববিদ্যালয়
শিক্ষক সমিতির দাবী**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥
ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতি গতকাল (শুক্রবার) জাতীয়
প্রেসক্রাভে এক সাংবাদিক সম্মেলনে
বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভিসি
(২য় পৃ: ৪-এর ক: ড:)

**ইসলামী বিশ্ববিদ্যালয়ের
(১ম পৃ: পর)**

প্রফেসর এম, এ হামিদকে অরি-
লয়ে অপসারণ করিয়া নতুন ভিসি
নিয়োগের দাবী জানাইয়াছে।
সম্মেলনে বক্তব্য পাঠ করেন
শিক্ষক সমিতির সভাপতি ডঃ
মোহাম্মদ আশরাফ আলী। বক্তব্যে
বলা হয়, বিভিন্ন ছাত্র সংগঠনের
অব্যাহত দাবী, ঘেরাও ও আটকের
প্রেক্ষিতে ভিসি গত ২১শে মার্চ
বিশ্ববিদ্যালয়ের কর্মস্থল ত্যাগ করিয়া
রাজশাহী আবাসস্থলে চলিয়া গিয়া-
ছেন। ছাত্র সংগঠনগুলির চাপের
মুখে অস্থায়ী রেজিষ্টার ও কোষা-
ধ্যক্ষও ক্যাম্পাস ত্যাগ করিয়াছেন।
এদিকে ২৮শে এপ্রিল ক্যাম্পাসে
ভয়াবহ সম্রাসী ঘটনার প্রেক্ষিতে
সরকারী নির্দেশে বিশ্ববিদ্যালয়
অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা
করা হয়। ফলে চরম একাডেমিক
ও প্রশাসনিক জটিলতার সৃষ্টি হই-
য়াছে। এই অবস্থায় বেতন ও
বোনাসবিহীন ঈদের সুখোমুখি
হইয়াছে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী-
কর্মকর্তা ও শিক্ষকবৃন্দ। অবিলম্বে
এই পরিস্থিতি নিরসন করা না
হইলে উদ্ভূত পরিস্থিতির দায়দায়িত্ব
সরকারকে বহন করিতে হইবে।

একই দাবীতে শিক্ষক সমিতি
আজ (শনিবার) চ্যান্সেলরের
সচিবালয়ের সম্মুখে অবস্থান ধর্মঘট
পালন করিবে। সাংবাদিক সম্মেলনে
বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর
রহমত আলী, শিক্ষক সমিতির
সহসভাপতি প্রফেসর ফয়েজ মোঃ
সিরাজুল হক, প্রফেসর মোঃ
সম্মোয়ার জাহান, মোস্তফা কামাল,
মোঃ আহসান উল্লাহ প্রমুখ উপ-
স্থিত ছিলেন।